EDITION 10 • JANUARY 2022
NETAJI 125 EDITION

FORWARD

REBUILDING INDIA IN NETAJI'S WAY

REBUILDING INDIA IN NETAJI'S WAY

Cover Photo:
Prasar Bharti @prasarbharati

Portrait of Netaji Subhas Chandra Bose, taken at Mumbai in 1938.
Congress President, Subhas Chandra Bose, receiving floral tribute on his arrival to Mumbai in 1938. In Congress Election Bose stood for unqualified Swaraj, i.e. self-governance, including the use of force against the British.

আমাদের কথা

মেয্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয় ।
নিবসিষ্যসি মেয্যেব অত ঊর্ধ্বং ন সংশয়ঃ ।।

আমাতেই তুমি মন সমাহিত কর এবং আমাতেই বুদ্ধি অর্পণ কর। তার ফলে তুমি সর্বদাই আমার নিকটে বাস করবে, সেই সম্বন্ধে কোন সন্দেহ নেই। এই একটা কথা মাথায় রেখে এগিয়ে চলেছি আমরা। আশা করি সবাই সুস্থ পরিস্থিতিতে এই ম্যাগাজিনটি পড়ছেন। আজ, নেতাজীর আশীর্বাদে, আমরা ফরওয়ার্ড ওয়েবজিনের ১০ম সংস্করণ নিয়ে এসেছি।

প্রথম দিন থেকে আমরা প্রচুর ভালোবাসা এবং সমর্থন পেয়েছি। আমরা প্রত্যেককে ধন্যবাদ জানাই যারা আমাদের পাশে দাঁড়িয়েছেন এবং আমাদের সাহায্য করেছেন। আপনারাই আমাদের শক্তি। আপনাদের ছাড়া আমরা কিছুই না।

ফরওয়ার্ড মিডিয়া গ্রুপ ভারতবর্ষের শ্রেষ্ঠ সন্তান, শ্রীসুভাষচন্দ্র বসুকে তাঁর ১২৫তম জন্মবার্ষিকীতে আন্তরিক শ্রদ্ধা জানায়। আমরা আশা করি আমাদের পরিশ্রম তাঁর অসম্পূর্ণ স্বপ্ন পুরণ করতে সাহায্য করবে।

সর্বশেষে আমরা তাঁদের ধন্যবাদ জানাই, যাঁরা তাঁদের ব্যস্ত কর্মসূচী সত্ত্বেও এই ওয়েবজিনে তাঁদের জ্বলন্ত লেখা ও মন মাতানো চিত্রাবলী প্রদর্শন করেছেন। আমরা আশা করি পাঠকদের কাছ থেকে আমরা ভালো সাড়া পাব। আসুন, আমরা সবাই নেতাজীর পথে ভারতবর্ষ পুনর্গঠনের শুভ সংকল্প নিই।

জয় হিন্দ!
ফরওয়ার্ড এডিটোরিয়াল টিম,
ফরওয়ার্ড ওয়েবজিন
২৩শে জানুয়ারী ২০২২

EDITORIAL NOTE

mayyēva mana ādhatsva mayi buddhiṃ nivēśaya
nivasiṣyasi mayyēva ata ūrdhvaṃ na saṃśayaḥ

Just fix your mind upon Me, the Supreme Personality of Godhead, and surrender all your intellect to Me. There upon, you will always live in Me.

Keeping this one thing in mind, we are moving forward. Hope everyone is reading this magazine in a good state. Today, with the blessings of Netaji, we bring to you the 10th Edition of Forward Webzine. We have received immense love and support since our initial days. We thank each and every one who stood beside us and let us be what we are today. You are our strength. We are nothing without you.

Forward Media Group pays heartiest tribute to the greatest son of India, on his 125th Birth Anniversary. We hope that our hard work will help us in fulfilling the Liberator's unfulfilled dream.

Last but not the least, we also thank our contributors who, in spite of their busy schedule, have beautifully presented their flaring write-ups and pictorials in this webzine. We hope to receive huge response from our readers. Let's pledge to *Rebuild India in Netaji's Way.*

Jai Hind!
Forward Editorial Team,
Forward Webzine
23rd January 2022

Paying Homage to the Liberator Of India,

Netaji Subhas Chandra Bose

on his 125th Birth Anniversary

FORWARD

C O N T E N T S

THE LEGEND

THE TALE OF BLOOD

C O N T E N T S

চিত্রকলা

কলাক্ষেত্র

ESSAY COMPETITION

THE LEGEND

আজাদ হিন্দ ফৌজ – এর ৭৫ বছর

Dr. Madhusudan Pal

Netaji Researcher, Deponent of Justice Mukherjee Commission, Former HOD of Cardio-Thoracic & Vascular Surgery Department, Calcutta Medical College.

নেতাজি সুভাষ চন্দ্র বসু ১৯৪৩ এর ৫ই জুলাই সিঙ্গাপুর মিউনিসিপাল অফিসের সামনে ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ – এর সভাপতি রূপে জাতীয় সেনাবাহিনীর অভিবাদন গ্রহণ করলেন। ২১শে অক্টোবর ১৯৪৩, প্রতিষ্ঠা করলেন আজাদ হিন্দ সরকার। আজাদ হিন্দ সরকার ও সেনাবাহিনীর প্রধান হিসেবে তিনি শপথ গ্রহণ করলেন এদিন। ২৯-৩১ ডিসেম্বর ১৯৪৩ – এ আন্দামান দ্বীপপুঞ্জ পরিভ্রমণ করে পোর্ট ব্লেয়ার – এ জাপানীদের কাছ থেকে আন্দামন নিকোবার দ্বীপপুঞ্জের শাসনভার গ্রহণ করলেন। আন্দামন নিকোবার দ্বীপপুঞ্জই হল ব্রিটিশের হাত থেকে মুক্ত ভারতের স্বাধীন একটি অঞ্চল। ১৯৪৪- এর এপ্রিলে মণিপুরের একটা বড় অংশ এলো আজাদ হিন্দ সরকারের অধীনে। এবং ভারতবর্ষের মূল খণ্ডের এই অঞ্চল হল, আজাদ হিন্দ ফৌজ দ্বারা ব্রিটিশের হাত থেকে প্রথম মুক্ত অঞ্চল।

ইতিহাসের দিক থেকে দেখলে আজাদ হিন্দ ফৌজই ভারতবর্ষের প্রথম মুক্তি বাহিনী নয়। প্রথম বিশ্বযুদ্ধের সময় আফগানিস্থানে বিপ্লবী রাজা মহেন্দ্রপ্রতাপ (প্রেসিডেন্ট) এবং বরকতুল্লা (প্রধানমন্ত্রী)-র নেতৃত্বে আফগানিস্তানে একটি সেনাবাহিনী গঠন করা হয়েছিল। গঠন করা হয়েছিল একটি অস্থায়ী বিপ্লবী সরকার। কিন্তু সেই সরকার পৃথিবীর অন্য কোন রাষ্ট্রের স্বীকৃতি পায়নি এবং আফগান সরকারের সক্রিয় সাহায্য না পাওয়ায় ব্রিটিশ শক্তির বিরুদ্ধে কোন অভিযান চালানো সম্ভব হয়নি তাদের পক্ষে। প্রথম বিশ্বযুদ্ধের সময়ই রাসবিহারী এবং তাঁর অনুগামীদের বিপুল প্রচেষ্টা ছিল সিঙ্গাপুর থেকে সুয়েজখাল পর্যন্ত যে ব্রিটিশ সাম্রাজ্য আছে তার ভারত ব্রিটিশ সেনাবাহিনীর মধ্যে বিদ্রোহ সৃষ্টি করা। বিশ্বাসঘাতকদের জন্য তাদের সেই ষড়যন্ত্র সফল হয়নি। রাসবিহারী অব্ধি গোপনে ভারত ত্যাগ করে আশ্রয় নেন, জাপানে। পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ তৈরি করেন। তাঁর বিভিন্ন অনুগামীদের দ্বারা এই শাসনগুলি সক্রিয় ছিল, ব্রিটিশদের বিরুদ্ধে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অর্থাৎ ১৯৪২ – এ সিঙ্গাপুরে জাপানের কাছে আত্মসমর্পণ করে ব্রিটিশ বাহিনী। ব্রিটিশ বাহিনীর প্রায় ৫০ হাজার সৈনিক বন্দী হয় জাপানীদের হাতে। এদের মধ্যে যারা ইচ্ছুক, তাদের নিয়ে রাসবিহারী বসু এবং তার অনুগামীরা ভারতবর্ষের মুক্তিবাহিনী (ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি, আই. এন. এ) গঠন করেন। কিছুদিন পড়ে কিছু উচ্চপদস্থ সেনা অফিসারের সঙ্গে রাসবিহারী এবং জাপান সরকারের মতান্তর ঘটলে এই বাহিনী কিছুটা দুর্বল হয়ে যায়, কিছুটা ভাঙ্গনও দেখা দেয়। সুভাষচন্দ্রের ইউরোপ থেকে এশিয়ার মাটিতে ফিরে আসার এই ছিল একটা বড় কারণ।

তখন ইউরোপে জার্মানির যুদ্ধের গতি স্তব্ধ হয়ে গেছে, ইউরোপ থেকে সেনাবাহিনী নিয়ে ভারতে আসা তখন আর সম্ভব ছিল না। দক্ষিন – পূর্ব এশিয়ায় যে আজাদ হিন্দ ফৌজ তাকে পুনর্গঠনের জন্য সুভাষচন্দ্রের দক্ষিন – পূর্ব এশিয়ায় আশা খুব প্রয়োজন ছিল। এছাড়া আরও একটি কারণ হল, সুভাষচন্দ্র কে সেই মুহূর্তে প্রয়োজন ছিল রাসবিহারী বসু ও

জাপান সরকারের। ইউরোপের তুলনায় বার্মা থেকে ভারত অভিযান তুলনামূলকভাবে সহজ। সেই অর্থে সুভাষচন্দ্রের হাতে আজাদ হিন্দ ফৌজের হল পুনর্গঠন।

ইতিহাসের দিক থেকে সবচেয়ে গুরুত্বপূর্ণ, আজাদ হিন্দ সরকারের প্রতি স্বাধীন দেশেদের স্বীকৃতি দান। ১৯৪৫- এর এপ্রিলে জার্মানি – ইতালির পরাজয় ঘটে গেছে। অন্যদিকে জাপান যুদ্ধ চালিয়ে যাচ্ছে, প্রশান্ত মহাসাগর ও পূর্ব এশিয়াতে। ৬ ও ৮ আগস্ট হিরোশিমা ও নাগাসাকিতে আমেরিকা পারমাণবিক বোমা ফেলে। ১৪ই অগাস্ট জাপান সরকার আত্মসমর্পণ করেছিল।

এখন প্রশ্ন দুটিঃ

এক - আজাদ হিন্দ বাহিনী আত্মসমর্পণ করেছিল এবং কবে করেছিল?

দুই - আজাদ হিন্দ সরকার কি আত্মসমর্পণ করেছিল?

এক. আজাদ হিন্দ বাহিনীর কিছু কিছু অংশ আত্মসমর্পণ করেছিল। কিন্তু কিছু কিছু ব্যাক্তি অস্ত্রসস্ত্র ও অর্থ নিয়ে আত্মগোপন করে ভবিষ্যতে সংগ্রাম চালিয়ে নিয়ে যাওয়ার জন্য। পুরো বাহিনী আত্মসমর্পণ করেছিল- এটা ঐতিহাসিক ভাবে ভুল তথ্য।

দুই . আজাদ হিন্দ সরকার আত্মসমর্পণ করেনি। তারা শুধুমাত্র অস্ত্রসংবরন করেছিল। 'PGI' (প্রভিসনাল গভঃ অফ ইন্ডিয়া) declared cease fire. অর্থাৎ আজাদ হিন্দ সরকার শেষ হয়ে গেছে এটা ঐতিহাসিকদের ভুল তথ্যের উদাহরণ। অধিকাংশ ঐতিহাসিকের ধারনা ভুল। তাহলে কেউ কেউ দাবী করেন, সুভাষচন্দ্র , আজাদ হিন্দ বাহিনী ও সরকারের কার্যকলাপের চাপেই ব্রিটিশ ভারত ত্যাগে বাধ্য হয়? বলা যায়, ব্রিটিশ শক্তির ভারত ত্যাগের বহু কারণ বর্তমান। সবথেকে বড় কারণ সুভাষচন্দ্র; আজাদ হিন্দ ও সরকারের কার্যকলাপ।

অনেকের ধারনা মোঘলরা ভারত বিজয় করেছিল। উজবেকিস্তান থেকে কখন মোঘল ভারতে এসেছিল? উত্তর ও পূর্ব ভারত বিজয় রাজপুতরা করে দিয়েছিল মোঘলদের জন্য। দক্ষিণ ভারত সম্পর্কেও একই কথা প্রযোজ্য। তাই ইতিহাসের দুর্ভাগ্য। ব্রিটিশদের ভারত বিজয়ও তাই। ব্রিটিশ ভারতবর্ষ জয় করেছে তার শৌযবীর্য, ক্ষমতায় নয়- এর পিছনে ছিল তাদের শঠতা, পূর্ব – কৌশল আর দেশীয় মানুষের বিশ্বাসঘাতকতা। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হওয়ার আগে ব্রিটিশ ভারতীয় বাহিনীর ৮০% ছিল এদেশীয় আর সাহেব ছিল ২০%। যুদ্ধের মাঝামাঝি দেশী ও বিদেশী সৈনিকের অনুপাত হয়ে যায় যথাক্রমে ৯৪ ও ০৬%। অর্থাৎ ইউরোপের যুদ্ধ সামলানোর জন্য সাহেব সৈন্য তারা এদেশের যুদ্ধ সামলানোর ক্ষেত্রে এলো না- এশিয়ায় সামলানোর দায়িত্ব পড়ল এদিশীয় সেনা বাহিনীর উপর।

বিশ্বযুদ্ধের শেষে নভেম্বর ১৯৪৫-এ দিল্লির লালকেল্লায় বন্দী আজাদ হিন্দ বাহিনীর বিচার শুরু হল। তারই পরিনামে ভারতের মধ্যে যে আলোড়ন ও আন্দোলন শ্রুর হয়েছিল- সেরকম আন্দোলন ব্রিটিশ-ভারতে ১৭০ বছরে দেখা যায়নি। তার প্রভাবে মতবিরোধের উচ্ছ্বাস, বাহিনীর প্রতিটি স্তরে কি মূল সেনাবাহিনী, কি নৌবাহিনীর, কি বিমান বাহিনীতে দেখা দেয় বিক্ষোভ ও বিদ্রোহ।

ব্রিটিশ শাসনের সবথেকে উপযোগী- অস্ত্র ছিল- ব্রিটিশ ভারতীয় বাহিনী, এই ব্রিটিশকে এই ভারতীয় উপনিবেশ উপহার দিয়েছিল। আর দিয়েছিল- আফ্রিকা ও দক্ষিনপূর্ব এশিয়া। ঠিক যেমন, মোঘলদের জন্য রাজপুতরা করেছিল। ভারতবর্ষের ইতিহাসের তো এই-ই। অর্থাৎ ১৯৪৫-৪৬ ব্রিটিশ শক্তি বুঝতে পারে। তার সবথেকে বড় ভরসাস্থল যে ভারতীয় বাহিনী- তা আর তাদের অনুগত নয়।

ব্রিটিশ তাদের গোয়েন্দাসুত্রে বুঝতে পারে, রাশিয়ার মধ্যে সুভাষচন্দ্র আজাদ হিন্দ বাহিনীর আনুরুপ আর একটি বাহিনী গঠন করছে। উত্তর থেকে ভারত অভিযানের সঙ্কল্প নিয়েছে এই বাহিনী। এই থেকেই বাধ্য হয়ে ব্রিটিশ তাড়াতাড়ি ভারতে ক্ষমতা হস্তান্তর করে। এতে ব্রিটিশ স্বার্থের সাথে গান্ধী, নেহেরু ও জিন্নার স্বার্থ রক্ষিত হল। সুভাষ বসু ভারতে ফিরে এলে এদের ব্যক্তি স্বার্থ বা গোষ্ঠস্বার্থ চরিতার্থ হত না।

উনিশ শতকের শেষ ভাগ থেকে শুরু করে বিশ শতকের প্রথম ভাগে যে উদ্দেশ্য নিয়ে আমাদের বিপ্লবীরা স্বাধীনতা সংগ্রাম শুরু করে তা, ১৯৪৭ – এ দেশভাগ এবং ক্ষমতা হস্তান্তরের মধ্যে বিশ্বাসঘাতকদের দ্বারা ছুরি আহত হয়েছে। রক্তাক্ত হয়েছে শহীদ ভারতীয়দের শরীর ভারতবর্ষের যে উন্নতির সম্ভবনা তা দুর্বল হয়েছে। একমাত্র লাভ হয়েছে কিছু ব্যক্তি ও গোষ্ঠীর। জাতীয়তাবাদীদের স্বপ্ন, আদর্শ এবং অখণ্ড ভারতের স্বপ্ন পূরণ আজাদ হিন্দ বাহিনীর ও সরকারকে স্মরণ করা প্রয়োজন।

ARDOUR OF HIS EXISTENCE

Koyena Chatterjee

Striving for freedom
He rises from the ashes
Of hope,
With renewed ray of inspiration
Of determination of struggle.

He has never learnt to bow down
He always holds his head high
Rises like a Phoenix from his ashes.
He claws his adversities to survive
He can walk through extreme hardships,
But still....
The repugnance is measly.

Ardour overflowing his bosom,
He stands alone fighting
For the sake of his men.
The radiance of his glory
Blinding the Sun.
The lustre of leadership and bravery
Is evident in the people's eyes.

He is unstoppable.
He is irreplaceable.
He is none but,
Our Netaji. Our Leader.

ভারত-পথিক

RAJDEEP SAHA

সন ১৯৪১। দ্বিতীয় বিশ্বযুদ্ধের গাঢ় কালো মেঘে পৃথিবী তখন ঢেকে গেছে। কান পাতলে শোনা যায় শুধু গোলাগুলির শব্দ; জায়গায় জায়গায় হচ্ছে ব্ল্যাক-আউট; আকাশের দিকে তাকালে দেখা যায় বোমারু-বিমানের ধোঁয়া। এই পরিস্থিতিতে মানুষের দৈনন্দিন জীবনযাপন চালানো এতোটাই দুর্বিষহ হয়ে উঠেছিল যে ভারতের স্বাধীনতা সংগ্রাম হয়ে উঠেছিল বিলাসিতার সমান। উপরন্তু সুভাষচন্দ্র বসু তখন ব্রিটিশ পুলিশের চোখে ধোঁয়া দিয়ে দেশত্যাগ করেছেন। ফলে ভারতীয়দের পথ দেখানোর জন্য ছিল শুধুমাত্র কংগ্রেসের নেতৃত্ব – যা ১৯১৯ থেকে কথায় ও কাজে মহাত্মা গান্ধীর মতামত; যিনি স্থানে-অস্থানে অহিংসা, শান্তি কথাগুলি ব্যাবহার করে জাতিকে মূল লক্ষ্য ও কর্তব্য থেকে বিভ্রান্ত করতেন। খুব স্বাভাবিক ভাবেই যে ঘুমন্ত জাতিকে সুভাষ বসু জাগিয়ে তুলেছিলেন, সেই জাতিই আবার পাশ ফিরে ঘুমিয়ে পড়েছিল।

কিন্তু বিপ্লবের আগুন কখনো চাপা থাকে না। ভারতের মধ্যে সংগ্রাম বন্ধ থাকলেও, ইথারতরঙ্গ বেয়ে এসেছিল বিপ্লবের ডাক, "আজাদ হিন্দ রেডিও বার্লিন – আমি সুভাষ বলছি"। ভারতবর্ষে মহাত্মা গান্ধীর মত ও পথের একমাত্র প্রতিরোধী শক্তি, সেই ভারত-পথিক যাঁর জীবনের একমাত্র লক্ষ্য ছিল স্বদেশের স্বাধীনতা, তাঁর কণ্ঠস্বর শুনে নিদ্রামগ্ন জাতি আবার জেগে উঠেছিল সেদিন, নতুন আশায় বুক বেঁধেছিল তারা, সবাই একসাথে বলেছিল – "সুভাষ আমাদের স্বাধীনতা আনতে বিদেশে গেছে"। তারপর সুদীর্ঘ ৪ বছর ভারতবর্ষ দেখেছে নেতাজীর রুদ্রমূর্তি; প্রত্যক্ষ করেছে কিভাবে একটা মানুষ শুধুমাত্র দেশ ও জাতির স্বার্থে যে কোনো ত্যাগ ও দুঃখবরণের সংকল্প নিতে পারে। এক দুঃসাহসিক আত্মা তখন সমস্ত দুর্গম পথ একাকী অতিক্রম করে রচনা করছিলো এক সুবর্ণ ইতিহাস। তারপর হঠাৎ এক ধাক্কায় শেষ হয়ে গেল সমস্ত কিছু, ভারতের আকাশ আবার ঢেকে গেল কালো মেঘে। যুদ্ধে বিধ্বস্ত জাতি হয়ে গেল ক্ষমতালোভীদের দাবার গুটি। হটকারিতার মধ্যে সিদ্ধান্ত নিয়ে ভারত পেল তাঁর তথাকথিত 'স্বাধীনতা', আর সঙ্গে পেল দেশভাগের মতো এক জঘন্য অভিশাপ। নেতাজীর স্বপ্নের দেশ চাপা পড়ে গেল ফাইলের নীচে আর তোতাপাখির মতো জাতিকে শেখানো হল অহিংসার ভুয়ো ইতিহাস। যারা এই নীতির বিরোধিতা করতো, তাদের অনায়াসেই দেওয়া হতো 'দেশদ্রোহী'-র আখ্যান। কিন্তু বীণা দাস, লীলা রায়, সমর গুহ, পবিত্রমোহন রায়ের মতো ব্যক্তিত্বরা, যাঁরা প্রকৃতভাবে দেশকে ভালোবাসতেন, কোনদিনই মেনে নিতে পারেননি এই স্বাধীনতাকে; কারন 'সমস্যাকে গোঁজামিলের দ্বারা অথবা কথার মার-প্যাঁচে এড়িয়ে যাওয়া অসম্ভব, আর সে পথে যা লাভ হয় তা শান্তি নামে অভিহিত হবারও যোগ্য

নয়।' তাঁদের জহুরীর চোখ দেখেছিল দক্ষিণ-পূর্ব সীমান্তে নেতাজীর রচিত সেই সুবর্ণ ইতিহাস লোকচক্ষু থেকে আড়াল করবার জন্য কংগ্রেস সরকারের সে কী নির্মম প্রচেষ্টা। ছাত্র-ছাত্রীদের শেখানো হতো যে স্বাধীনতা ছিল শুধুমাত্র গান্ধী-নেহেরুর অহিংসার ফল। আর নেতাজী কে ছিলেন? নেতাজী ছিলেন এমন একজন 'দেশের শত্রু', যাঁকে শত্রু-মিত্র নানাজনে নানাভাবে 'জাপানী দালাল', 'ফ্যাসিষ্ট' আবার 'মিস্টিক' ও 'আধ্যাত্মিক' আখ্যায় বার বার ভূষিত করেছেন। নিজের আত্ম-বলিদানের এই কুৎসিত বিশ্লেষণ শুনেই হয়তো এক রণক্লান্ত সুভাষ বলে উঠেছিলেন "Not even my worst enemy can ever dare to say that I'm capable of selling national honour and self-respect. And not even my worst enemy can ever dare to assert that I was a nobody in my own country and that I need foreign help to secure a position for myself." (০৬.০৭.১৯৪৪)

হায় মুখপোড়া ভারতবাসী! তোমাদের এই জ্যেষ্ঠভ্রাতাকে তোমরা চিনলে না! তোমাদের ২০০ বছরের পরাধীনতা দেখে যখন বিশ্বের সবচেয়ে অমানবিক নেতা, আডলফ্ হিটলার, নিজের আত্মজীবনীতে তোমাদের সম্পর্কে কটুকথা লিখেছিল, তখন তোমাদের এই জ্যেষ্ঠভ্রাতাই তোমাদের সম্মান রক্ষা করতে গলা উঠিয়েছিলেন। কিন্তু তার পরিবর্তে তোমরা তাঁকে দিলে 'দেশদ্রোহী'-র আখ্যা! গান্ধীজীর প্রতিজ্ঞা রক্ষা করতে তোমরা যখন ব্রিটিশদের হয়ে যুদ্ধে লড়েছিলে, সেদিন তোমাদের দেশপ্রেম কোথায় ছিল? মনে আছে, কিভাবে সেদিন ব্রিটিশদের পদলেহন করে 'দেশ-উদ্ধারকারী' হিসেবে দেশপ্রেমীদের ধরিয়ে দেবার ব্রত নিয়েছিলে তোমরা? তোমরা সবাই সেদিন 'মিত্রশক্তির মৈত্রীকে স্বাগত জানিয়ে নেতাজী সুভাষচন্দ্রের আজাদ হিন্দ ফৌজকে ইম্ফল প্রান্তে রুখবার শুভ সংকল্প নিয়ে দিকে দিকে 'জাপানকে রুখতে হবে' বলে ভারতের শ্মশানভূমিকে প্রকম্পিত করেছিলে।' কিন্তু ইতিহাস তোমাদের ক্ষমা করে দিয়েছে; আর কাঠগোড়ায় দাঁড় করিয়েছে তোমাদের জ্যেষ্ঠভ্রাতা সুভাষচন্দ্র বসুকে। দেশে একের পর এক কমিশন বসেছে কিন্তু তাঁকে কেউ মাপ করেনি! নিয়তির কি অদ্ভুত পরিহাস। অন্তরাল থেকে তিনি নিশ্চয়ই হাসছেন আর বলছেন "এই প্রতিজ্ঞায় জীবন পণ করার মতো কেউ আছে কি তোমাদের? দল করে করেই তো দেশের এই হাল হয়েছে। তোমরা চাও গদীতে বসতে। কি করেছ যখন ইংরেজ পাপচক্র ও দেশী মিরজাফর, সুবিধাভোগীরা, দেশকে দু'টুকরো করলো? কোথায় ছিল তোমাদের আজকের বক্তৃতাবাগীশ নেতারা?" (চারণিক) মনে পড়ে যায় নারায়ণ সানয়ালের সেই লেখা: "জওহরলাল রাজ্য পেলেন, গদি পেলেন, ক্ষমতার তুঙ্গে উঠলেন – কিন্তু অনুপস্থিত নেতাজীর প্রতি যে শ্রদ্ধা, যে সম্মান, যে উদ্দাম ভালোবাসার অর্ঘ্য দেবার জন্য দেশবাসী উন্মুখ হয়ে প্রতীক্ষা করছিলেন – সে শ্রদ্ধা, সে সম্মান, সে ভালোবাসা পণ্ডিতজী কোনদিনই পেলেন না। সে খেদ তাঁর সারাজীবন যায় নি।" গান্ধীজীর শান্তির বাণী দেশ ও জাতিকে ক্লীব ও লক্ষ্যভ্রষ্ট করেছে, প্রকৃত শান্তি এনে দিতে পারে নি।

স্বাধীনতার ৭৫ বছর ধরে আমরা দেখছি ভারতের সমস্ত রাজনৈতিক দল কিভাবে শুধুমাত্র নির্বাচন জেতার জন্য নেতাজীকে দাবার গুটির মতো ব্যবহার করছে। নেতাজীকে কেবলমাত্র বীর সৈনিক ও নানা বিশেষণে ভূষিত করে অথবা চৌরাস্তার মোড়ে নেতাজীর মূর্তি প্রতিষ্ঠিত করে কিংবা রাস্তা ও রেল স্টেশনের নামকরণ করে তারা মনে করেন যে তারা জাতীয় কর্তব্য পালন করেছেন। প্রতি বছর ২৩শে জানুয়ারী নেতাজীকে সম্মান জানানোর চেয়ে নির্বাচন জেতার পরিকল্পনা বেশী করা হয়। এই নোংরামিকে স্পষ্ট ভাবে তুলে ধরেছেন চারণিক – "জন্মদিবসের সভায় নেতারা বক্তৃতা দিচ্ছেন। লক্ষ্যহারা মানুষ পথ খুঁজছে, পথ কোথায়। কিন্তু যাঁরা বক্তৃতা দিচ্ছেন তাঁরা পথ দেখাবেন কি করে? তাঁরা নিজেরাই নিরাপদ আশ্রয় খুঁজছেন, কে দেবে তাঁদের আশ্রয়? যারা সময়ে-অসময়ে স্বার্থ-সিদ্ধির জন্য নানা প্রকার নামাবলী গায়ে দেন তাঁদের চর্বিত-চর্বণ শুনতে ভালো লাগলো না, আবার হাঁটতে শুরু করলাম। ... সুউচ্চ বেদীতে ছুটন্ত অশ্বপৃষ্টে একটি অদ্ভুত ভঙ্গিতে স্তব্ধ হয়ে আছেন সেই চঞ্চল বীর্যবান বিজয়ী বীর। ... ছুটন্ত ঘোড়া আরোহীকে নিয়ে যেতে চায়। সে বলতে চায় কি হবে এই মূঢ় মুখে ভাষা দিয়ে। ... (নেতাজীর) সেই কোমল স্নেহঝরা মুখের একি চেহারা! যেন এখনি সহস্র জনতার নিকট কৈফিয়ত চাইছেন – অপদার্থ কাপুরুষের দল তোমরা কেন এসেছ, কি চাও তোমরা, কেন আজ আমার পথ রোধ করছো। কার কাছে যাব আমি, তোমাদের শত সহস্র দলের প্রয়োজন মতো আমি তৈরি হইনি। কেউ বলবে এদিকে এসো, কেউ বলবে ওদিকে এসো। তোমরা চাও আরামের রসগোল্লাটি তোমাদের খাইয়ে দিই। বহু যুগ ধরে তোমাদের দেখছি। তোমাদের আমায় ভালোবাসার একটিই পরীক্ষা 'Do or Die"

"Our enemies think that by calling me a dreamer, they will be able to discredit me. But I confess that I'm a dreamer. I may tell my enemies that in dreaming dreams of India's freedom, I'm in good company. All those

who have achieved great things in this world have been dreamers." (সুভাষচন্দ্র বসু, ১২.০৭.১৯৪৪) কোথায় সেই ভারত-পথিক? লোকে বলে তিনি নেই; তাঁকে আঁকড়ে রয়েছে কিছু পাগলের দল। কি অদ্ভুত তাই না! একটা পাগল (dreamer) ও তাঁকে অনুসরণ করছে আরও কয়েকটা পাগল। এইভাবে কি কোনদিনও পরিবর্তন আসবে? জানি না। তবে এইটুকু জানি – তিনি আছেন। আমি যে প্রতিমুহূর্ত তাঁর উপস্থিতি অনুভব করি। তাঁর কথা ভাবলেই রোমাঞ্চিত হই। কই অন্য কারোর কথা ভাবলে তো এমনটা হয় না। যে আদর্শকে অনুধাবন করার প্রচেষ্টা করছি তা কখনও মিথ্যা হতে পারে না। মিথ্যে হবে অহিংসার সেই আদর্শ যা প্রয়োজন মতো গান্ধীবাদী মানুষরা নিঃসঙ্কোচে বর্জন করেছে। ভারতবর্ষের চাই সুভাষের আদর্শ। সুভাষের পথই ভারতের পথ। আমাদের নীতিই হল আমাদের গর্ব। আমাদের পরিচয় – আমরা নির্ভেজাল সুভাষবাদী।

সহায়ক গ্রন্থ তালিকা:

"ঐ মহামানব আসে",
চারণিক (জয়শ্রী প্রকাশন)

"নেতাজী রহস্য সন্ধানে",
নারায়ণ সান্যাল (Dey's Publishing)

"Blood Bath",
সুভাষচন্দ্র বসু (জয়শ্রী প্রকাশন)

All That's Left

Swaprova Basu

Years come by,
A hero's born
All that's left,
A pride, a hatred and a lost battle.

With time its tough controlling,
The mind that cries for freedom,
All that's left,
A swear, a fist, a passion.

Years later, you fought for us.
A brave enough mind.
All that's left,
A win, a change, a love
To this very world.

Better be unsaid.
Heart that betrayed,
Hands that meet the beasts.
All that's left,
A fire, A burn, a death.

Years pass on.
Character arise and die.
People forget.
All that's left,
A case, a letter, a spec.

Years rolls by,
Seasons change,
But not your value.
Now, all that's left,
A dream, A memory, a bond.

And today is where we stand.
Time bearing a hero in its lap,
That blessed the brave
To live for ever and ever,
And ever.
All that's left,
A heart, a love and your teachings,
For this very world.

রবীন্দ্রনাথের দেশনায়ক

MONAMI BANERJEE

সালটা ১৯০৫। সারা বাংলায় তখন বঙ্গভঙ্গ আন্দোলনের আগুন জ্বলছে। বাংলাকে ভাগ করার ইংরেজ সরকারের এই নিষ্ঠুর চক্রান্তের বিরুদ্ধে তখন গড়ে উঠেছে তীব্র প্রতিবাদ। এহেন অগ্নিগর্ভ বাংলায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর রচনা করলেন 'স্বদেশী সমাজ' প্রবন্ধটি। কবিগুরুর মন তখন অস্থির, বাংলা তথা ভারতবর্ষে যে তীব্র প্রতিবাদ গড়ে উঠেছে, তাকে কে চালনা করবে? কার দ্বারা অনুপ্রাণিত হবে এই সমাজ? কে হবে এই সমাজের সমাজপতি? কে হবে এদেশের নায়ক যার আদেশে সম্পূর্ণ ভারতবর্ষ একত্রিত হবে ইংরেজ রাজশক্তির বিরুদ্ধে? রবি ঠাকুরের এই চিন্তা দূর হয়েছিল; তাঁর ব্যাকুলতার অবসান ঘটেছিল।

১৯১২ সাল। রবি ঠাকুর ইউরোপ থেকে ভারতে ফিরছেন। এরই মধ্যে তিনি সারা ভারতকে তোলপাড় করে দেওয়া ঘটনাটি শুনেছেন – সুভাষচন্দ্র বসু নামে একজন ভারতীয় আই. সি. এস. পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ইংরেজদের চাকরি প্রত্যাখ্যান করেছে কারণ সে ব্রিটিশ সরকারের গোলামি করতে অনিচ্ছুক। তিনি শুনেছেন যুবক সুভাষচন্দ্র নাকি একই জাহাজে ভারতে ফিরছে।

"তোমার সাথে একবার দেখা হলে ভালো হতো সুভাষ।"
– রবি ঠাকুর আপন মনেই বলে উঠলেন।

"গুরুদেব।"

সম্বোধনটি শুনে রবি ঠাকুর ফিরে তাকালেন। এক সুদীর্ঘ, সুগঠিত যুবক তাঁর সামনে দাঁড়িয়ে আছে। চোখে সোনালী ফ্রেমের চশমা, দৃঢ়তা ও দেশপ্রেমের গভীর ভাব মুখে স্পষ্ট ফুটে উঠেছে। যুবক অম্লান বদনে হেসে বলল, "আমি সুভাষচন্দ্র বসু।" বলেই সে রবি ঠাকুরের পায়ে হাত দিয়ে প্রণাম করল।

"দীর্ঘজীবী হও সুভাষ আর চিরকাল নিজের চিত্তকে এভাবেই ভয়শূন্য রেখ।" রবি ঠাকুর সুভাষচন্দ্রকে আশীর্বাদ করতে করতে বললেন।

"নিশ্চয়ই গুরুদেব। আপনিই তো শিখিয়েছেন – চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির..."

এই ছিল রবীন্দ্রনাথ ঠাকুর এবং সুভাষচন্দ্র বসুর প্রথম মুখোমুখি সাক্ষাৎকার। এরপর ভারতবর্ষে দুজনের অনেকবারই দেখা-সাক্ষাৎ হয়েছে।

১৯৩৮ সাল। কবিগুরুর শরীর ভালো নয়, দিন দিন দুর্বল হয়ে পড়ছেন। ডাক্তাররা তাদের সাধ্যমতো চেষ্টা করছেন, এরপর তো সবই ভগবানের ইচ্ছা। একদিন সুভাষচন্দ্র দেখা করতে এলেন।

"এখন শরীর কেমন আছে গুরুদেব?"

"ওই একরকম। চলে যাচ্ছে এই যা। তুমি বল সুভাষ,
কেমন আছো? তোমার শরীর তো এই বয়সেই খারাপ হয়ে যাচ্ছে।"

"আমিও আছি একরকম। আপনি তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠুন গুরুদেব, আমরা প্রতীক্ষায় আছি।"

"আর সুস্থ হয়ে উঠবো কিনা জানি না সুভাষ। আমার সময় ফুরিয়ে আসছে।"

"এসব আপনি কি বলছেন গুরুদেব! আপনি চলে গেলে যে হবে না। আপনি স্বাধীন ভারত দেখবেন না গুরুদেব?"

"সুভাষ"………. রবি ঠাকুর বলে ওঠেন, "স্বাধীন ভারত হয়তো আমার দেখা হবে না কিন্তু তোমরা নিশ্চয়ই দেখতে পাবে। যেভাবে তুমি ইংরেজশক্তির বিরুদ্ধে লড়ছো, ভারতবর্ষ স্বাধীন তো হবেই।"

"কিন্তু কংগ্রেসের অনেকে বুঝতেই চাইছে না, এমনকি গান্ধীজীও না, এহেন অবস্থায় কী করা উচিত সেটাই এখন ভাববার বিষয়।"

"সুভাষ, যখন কেউ পাসে থাকে না, তখন পথ কি করে চলতে হয়, সেটা তুমি জানো। আমার আশীর্বাদ তোমার সাথে সবসময় আছে।"

"হ্যাঁ গুরুদেব, আপনার আশীর্বাদ যেন সবসময় আমার সাথে থাকে। দেশমাতৃকাকে তো স্বাধীন করতেই হবে, সে যেভাবেই হোক, যে পথেই হোক।"

কেটে গেল আরও একটা বছর। ১৯৩৯ সাল। রবি ঠাকুরের শরীর আরও ভেঙে পড়েছে। আজকাল বিছানা ছেড়ে তেমন উঠতে পারেন না। এদিকে দেশের রাজনীতির খবর সবই তাঁর কানে আসছে। ত্রিপুরী কংগ্রেস অধিবেশনে গান্ধী, জওহরলাল নেহেরু, বল্লভভাই প্যাটেল সবাই সুভাষের বিরোধিতা করছেন। সুভাষ গান্ধীর মনোনীত পট্টভি সিতারামাইয়ার বিরুদ্ধে কংগ্রেস প্রেসিডেন্ট পদ জয়লাভ করেছেন যার পরিপ্রেক্ষিতে গান্ধী অসন্তোষ প্রকাশ করে বলেছেন "সিতারামাইয়ার হার আমার হার।" এর পরেই ঘটল সেই ঘটনা যেটা হয়তো কেউ স্বপ্নেও ভাবেনি। কিন্তু সুভাষচন্দ্র তো এমন কাজই করেন যা কেউ স্বপ্নেও ভাবতে পারে না। সুভাষচন্দ্র বসু শুধু পদত্যাগই করলেন না, এমনকি কংগ্রেস পার্টিকেও পরিত্যাগ করলেন; গড়ে তুললেন সর্বভারতীয় ফরওয়ার্ড ব্লক। কবিগুরু গর্বিত হয়ে সুভাষচন্দ্র বসুকে "দেশনায়ক" আখ্যা দিলেন। একদিন সুভাষচন্দ্র রবি ঠাকুরের সাথে দেখা করতে এলেন। এটাই ছিল তাঁর কবিগুরুর সাথে শেষ দেখা।

"গুরুদেব।"

"এসো, এসো সুভাষ, বসো। আজ আমি তোমাকে নিয়ে খুবই গর্বিত সুভাষ। তুমি জানো না আমার কি আনন্দ হচ্ছে।"

"আমাকে যে এটা করতেই হতো গুরুদেব, আর কোন পথ আমার সামনে খলা ছিল না। কংগ্রেস ব্রিটিশদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে রাজি নয় অথচ এটাই সুবর্ণ সুযোগ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিস্থিতি সম্পূর্ণ তৈরি হয়ে গেছে, জার্মানি খুব শক্তিশালী হয়ে উঠেছে, ইংরেজরা হিটলারের সাথে পেরে উঠছে না।"

"তুমি যা করেছো, একদম ঠিক করেছ সুভাষ। আমার তোমার ওপর অগাধ বিশ্বাস আছে। তুমি দেশনায়ক সুভাষ। তুমিই পারবে।"

"গুরুদেব, আপনি আমাকে অনেক বড় সম্মানে ভূষিত করেছেন। আমি কি এর যোগ্য?"

"তুমিই তো এর যোগ্য সুভাষ। আমি দেখেছি তোমার মধ্যে সেই নেতাকে যার সবাইকে নেতৃত্ব দেবার ক্ষমতা আছে। আমি পেয়েগেছি সেই সমাজপতিকে, সেই দেশনায়ককে, যে সমগ্র ভারতবর্ষকে একত্রিত করবে ইংরেজ রাজশক্তির বিরুদ্ধে – সে তুমি সুভাষ।"

"গুরুদেব........"

"সুভাষ, তুমি তোমার এই মৃত্যুপথযাত্রী গুরুদেবকে কথা দাও যে তুমি স্বাধীনতা আনবে। তমাকেই আনতে হবে।"

"আমি আপনাকে কথা দিচ্ছি গুরুদেব, আমি স্বাধীনতা আনবোই, আনতে যে আমাকে হবেই নাহলে যে স্বাধীন ভারতের স্বপ্ন অসম্পূর্ণ রয়ে যাবে, সমস্ত বিপ্লবীদের বলিদান জলে চলে যাবে। তা হবে না গুরুদেব, স্বাধীনতা আমি আনবই, আমাদের উত্তরসুরীরা স্বাধীন দেশে জন্মগ্রহন করবে।"

"ব্যাস, আমার আর চিন্তা কী! দেশনায়ক যখন দেশ স্বাধীন করার ভার নিয়েই নিয়েছে, তখন আমি নিশ্চিন্তে চোখ বুজতে পারব।"

রবীন্দ্রনাথ ঠাকুর আর মাত্র দু'বছর জীবিত ছিলেন। ১৯৪১ সালে যখন সুভাষচন্দ্র বসুর অন্তর্ধানের খবর সারা দেশে ছড়িয়ে পড়ে, তখন রবি ঠাকুর চিন্তিত হয়ে সুভাষচন্দ্রের মেজদাদা শরৎচন্দ্র বসুকে চিঠি লিখলেন –
স্নেহের শরৎ,

শুনছিলাম, সুভাষকে নাকি খুঁজিয়া পাওয়া যাইতেছে না। এই খবর জানিতে পারিয়ে সুভাষের জন্য আমার খুব চিন্তা হইতেছে। সুভাষের মাতাকে আমার সমবেদনা জানিও আর সুভাষের সম্পর্কে কোনো খবর পাইলে, আমাকে অবশ্যই জানিও।

ইতি
শ্রী রবীন্দ্রনাথ ঠাকুর

রবীন্দ্রনাথ ঠাকুর নিজের শেষ সময়ে সুভাষচন্দ্রকে উৎসর্গ করে একটি ছোট গল্প লিখেছিলেন; গল্পটির নাম 'বদনাম'।
"সুভাষজী, আপকা এক চিঠি আয়া হে, কলকাতা সে।"
রেহেমৎ খাঁ সুভাষচন্দ্রের হাতে একটা চিঠি দিয়ে বলল। সুভাষচন্দ্র চিঠিটি পড়তে শুরু করলেন –

স্নেহের সুবি,

খুবই দুক্ষের সঙ্গে জানাইতেছি যে ৭ই আগস্ট কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর শেষ নিশ্বাস ত্যাগ করিয়াছেন। স্বাধীন ভারত গুরুদেব আর দেখে যাইতে পারিলেন না। তুমি সাবধানে থাকিও সুবি। আমরা তোমার চিন্তায় রহিলাম।

ইতি
তোমার মেজদাদা

সুভাষচন্দ্র চিঠিটা পড়ে কিছুক্ষণ স্তব্ধ হয়ে বসে রইলেন। তারপর অস্ফুটে নিজের মনে বলে উঠলেন, "আমার প্রণাম নেবেন গুরুদেব। আপনার আত্মার শান্তি কামনা করি।" এরপরের ঘটনা সকলেরই জানা – কিভাবে সুভাষচন্দ্র সুদূর ইউরপে গেছিলেন, কিভাবে সুভাষ থেকে নেতাজী হয়েছিলেন, কিভাবে 'দেশনায়ক নেতাজী সুভাষচন্দ্র বসু' ভারতমাতাকে ইংরেজের শিকল থেকে মুক্ত করেছিলেন – তা সমগ্র ভারতবাসীর জানা কিন্তু কতজন তাঁর বলিদানকে অনুভব করতে পারে? হয়তো খুব কমজন। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'দেশনায়ক' খেতাবে ভূষিত নেতাজী আমাদের স্বাধীন করার জন্য পৃথিবীর সব সীমা পেরিয়ে গেছিলেন। আর আমরা কি করেছি ওনার জন্য? প্রতি বছর ২৩শে জানুয়ারি এলে আমাদের শুধু মনে পড়ে, 'আজকে

নেতাজীর জন্মদিন।' এখানেই কি আমাদের কর্তব্য শেষ হয়ে যায়? আজ ৭৫ বছর ধরে যে অন্যায় নেতাজীর সাথে হয়ে আসছে, তার প্রতিবাদ করার কথা কখনও কি কারোর মাথায় এসেছে? আমাদের দেশে অভিনেতা-অভিনেত্রীদের মৃত্যু হলে মিছিল বেরোয় তাদের মৃত্যুরহস্য উদঘাটন করার জন্য, কিন্তু নেতাজীর মৃত্যুরহস্য উদঘাটন করার জন্য তোমরা কি করেছ দেশবাসী? যদি এই প্রশ্ন এতদিন তোমাদের মাথায় না আসে, তাহলে আজ থেকে এই প্রশ্নের উত্তর খুজতে শুরু করো। মনে রেখ দেশবাসী, রবি ঠাকুর বলেছিলেন – "অন্যায় যে করে আর অন্যায় যে সহে, তব ঘৃণা যেন তারে তৃণসম দেহে।"

Past into oblivian of history

The man Subhas Bose is still
a mystery

Whose name is all around

With blood man crowned,

Present at five point crossing
road of big city

Man who fought with real
gritty

The darkness all around

The battle is on the ground
Bleeding and crying for
dewy fall

'A drop of blood' he pro-
nounced to all

When the sky was red and
the air was stodgy

The monk and the priest
burst-forth'd with purity

The National Anthem was
sung with reverence loud

With a resounding applause
from the crowd.

~ PABRISHA DAS

INTO THE NIGHT I STRAY

AMRIT BHATTACHARJEE

The country might need me,
The misogyny and patriarchy shall beseech me;
But for the sky to be blue in the tricolour,
Our heaven shall thus be free!

Oh how the rose blossoms love with the blood of the wounded prick,
And every brick by brick I fathom the unfathomable demise of British imperialism,
My blood, our blood, in the bloody rage of war, shall win freedom with mortar and rick.

Oh ahoy judicial revolutionary, oh ahoy the youth of the day,
May the final battle that rattles the bones of the shores far away,
Oh into the dark, I fly past Tokyo, beyond life, beyond death, oh, into the dark I stray

I stray past the dogmas of the caste that beheld my spirit,
I stray past the crying people who call me EDITH!
I stray past the hour hand that rushed the October Swaraj
I stray past my motherland, for it needs my frivolous accord,
Of conspiracies of continuance, nothing shall be my hold, it's ours to cherish, ours to win, our grandsons be wisely told

Cowardice was hidden behind the need for freedom, yet you must know, nor we the radical libtard
Know us, thus by the name of revolution, by the name of inquilab,
For now let not fear pull you back from excelling a day,
As India attains freedom for into the night I stray!

HOW DID NETAJI GET INSPIRED BY SWAMI VIVEKANANDA.

ARTRIGE BOSE

[This write-up is backed by Netaji's anecdote and my case study on various sources implying how Swami Vivekananda and Netaji came off in life.]

To begin with, I state that Swami Vivekananda came into Netaji's life (as per Bose's Diary) when Bose was barely 15 years old.

One day, as the incident goes, Netaji visits one of his next-door relatives and he happens to find some books of Swami Ji. As we all already know about Netaji's interest in reading, he took a glance at those and fell in love with Swamiji's ideology. Thus Netaji borrowed a few of those books by Swami Ji from his relative after the captivating choice of words and the idea is reflected.

I inferred from my notes, the Bose got stuck on a line by Swami Vivekananda, and I quote- " To the Youth, Salvation will come through football, not through Geeta (one of the holy manuscripts of Hinduism)." There were other words by Swami Vivekananda from which Netaji came across the philosophy of humanity, of salvation, and the pureness of the soul. Whilst the period, a revolutionary ideal growth in Netaji takes place as a result of the teachings Swami Vivekananda has enshrined in his words and the mission at Belur, and with time, Subhash Chandra Bose becomes "NETAJI". He was enriched both with the political mainframe of Deshbandhu and the magnanimous ideals of freedom and enlightenment.

Other notable teachings by Swami Vivekananda which had been imbibed within Bose were self-control, meditation, and the responsibility to serve one's motherland. Note: Everything, I wrote, as per my case study, I conclude, if felt wrong, in any way, I apologise for that. Thus I end my writing here, with love and regards for all the readers.

Anal Kumar Mitra

Netaji Activist, Social Worker And Founder Of Jai Hind Pathshala, A Non-Profit Free Educational Centre for children at remote areas.

২০২১ এর জুলাই থেকে শুরু হয়েছে জয় হিন্দ পাঠশালা। আনুষ্ঠানিক ভাবে আরও আগে ওই বছরের পয়লা বৈশাখেই এই প্রচেষ্টার শুরু হয়। কিন্তু সুন্দরবনের গোসাবা ব্লক থেকে অনিবার্য কারণবসত সরে এসে বাসন্তী ব্লকের ঝড়খালি থেকে শুরু হয় জুলাইয়ে। এরপরে সোস্যাল মিডিয়াতে এই কাজের পোস্ট করায় আরো জায়গা থেকে ফোন আসে, আর এইভাবেই ডায়মন্ড হারবার ও পুরুলিয়াতে এই উদ্যোগ ছড়িয়ে পড়ে।

২০২১- ২০২২ সালটি ছিল নেতাজী সুভাষচন্দ্র বোসের ১২৫ তম জন্মবর্ষ। স্বভাবতই এই বছরে নেতাজীর নামে, বা তাঁর স্মৃতির উদ্দেশ্যে কিছু করার ইচ্ছে ছিল আমাদের। নেতাজী একজন কৃতি ছাত্র, একজন জাতীয়তাবাদী নেতা, একজন আপোষহীণ সংগ্রামী, একজন বিপ্লবী, একজন নিখাদ দেশপ্রেমিক, একজন সমরনায়ক এতো কিছুর আড়ালে ঢাকা পড়ে যায় নেতাজীর সেবাব্রত, নেতাজীর শিক্ষক রূপে কার্যকলাপ। তাঁর আধ্যাত্মিক গুরু যেমন স্বামী বিবেকানন্দ সেরকমই তাঁর রাজনৈতিক গুরু ছিলেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ। তিনি কংগ্রেসে যোগদান করে প্রথম কাজ শুরু করেছিলেন দেশবন্ধু পরিচালিত জাতীয় বিদ্যালয়ের শিক্ষক হিসাবে। স্বামীজীর "man making character building education"-এর কথা নেতাজীও বলতেন। ব্যক্তির সমষ্টিই জাতি, তাই সবার আগে খাঁটি মানুষ চাই। খাঁটি মানুষ না পেলে শক্তিশালী জাতি গঠন সম্ভব নয়। একথা তিনি বলতেন। দক্ষিণ কলকাতা সেবাশ্রমের প্রতিষ্ঠা লগ্ন থেকেই দেশবন্ধু, আচার্য্য প্রফুল্ল চন্দ্রের সাথেই ওতপ্রোত ভাবে জড়িয়ে ছিলেন নেতাজী। মান্দালয় জেলে বসে নেতাজী দক্ষিণ কলিকাতা তরুণ সমিতির সম্পাদক ও দক্ষিণ কলিকাতা চিত্তরঞ্জন জাতীয় বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে চিঠি লিখে বলছেন-

"আজ বাংলার সর্বত্র কেবল ক্ষমতার জন্যে কাড়াকাড়ি চলিতেছে। যার ক্ষমতা আছে- সে ক্ষমতা বজায় রাখিতেই ব্যস্ত। যার ক্ষমতা নাই সে ক্ষমতা কাড়িবার জন্য বদ্ধপরিকর। উভয় পক্ষই বলিতেছে, "দেশোদ্ধার যদি হয়, তবে আমার দ্বারাই হউক, নয় তো হইয়া কাজ নাই।" এই ক্ষমতা লোলুপ রাজনীতিক বৃন্দের ঝগড়া ছাড়িয়া, নীরবে আত্মোৎসর্গ করিয়া যাইতে পারে, এমন কর্মী কি বাংলায় আজ নাই?

আজ বাংলার অনেক কর্মী বলছেন, " আমাকে ক্ষমতা দাও, কর্মচারীর পদ দাও, অন্তত পক্ষে কার্যকরী সমিতির সভ্য করিয়া দাও -নতুবা আমি কাজ করিব না।" আমি জিজ্ঞাসা করি নরনারায়ণের সেবা ব্যবসাদারিতে, contract এ কবে পরিণত হইল? আমি তো জানিতাম সেবার আদর্শ এই-

"দাও দাও ফিরে নাহি চাও
থাকে যদি হৃদয়ে সম্বল।"

.. আপনারা হয়তো জানেন না যে, দক্ষিণ কলিকাতা

সেবাশ্রমের ক্রুটির জন্য আমি প্রধানত দায়ী। বাহিরে থাকিতে আমি ভালো রকম organise করিতে পারি নাই! তারপর হঠাৎ আমার গ্রেপ্তার। যখন সেবাশ্রম কালীঘাটে ছিল তখন বাড়ী ভাড়া ও সহকারী সম্পাদকের বেতন আমি নিজে দিতাম। শুধু বালকদের ভরণপোষণের খরচ সাধারণের দেওয়া চাঁদা হইতে নির্বাহিত হইত। আমার গ্রেফতারের পর আমার দেয় চাঁদার অংশ আমার দাদা শরৎবাবু দিয়া আসিতেছেন। আমি যখন মাসে দুই শত টাকা করিয়া সেবাশ্রমের জন্য ব্যয় করিতাম, তখন অনেক বন্ধু বলিয়াছেন যে, আমি বৃথা ছয় সাতটি বালকের জন্য এতো অর্থ ব্যয় করিতেছি। এ টাকার সদ্ব্যবহার অন্যভাবে হইতে পারে। কিন্তু তাঁহারা জানেন না যে, আমি খেয়ালের বশবর্তী হইয়া সেবাশ্রমের কার্যে হস্তক্ষেপ করি নাই। আজ প্রায় ১২/ ১৪ বছর ধরিয়া যে গভীর বেদনা তুষানলের মতো আমাকে দগ্ধ করিতেছে, তাহা দূর করিবার জন্য আমি এই কার্যে হস্তক্ষেপ করিয়াছি। আমি কংগ্রেসের কাজ ছাড়িতে পারি - তবুও সেবাশ্রমের কাজ ছাড়া, আমার পক্ষে অসম্ভব। দরিদ্র নারায়ণের সেবার এমন প্রকৃষ্ট সুযোগ আমি কোথায় পাইবো?”

সূত্র: তরুণের স্বপ্ন, নেতাজী সুভাষচন্দ্র বসু, পৃষ্ঠা: ৪৫, ৪৭, ৪৮।

নেতাজীর কাজের এই দিকটাকে সামনে রেখেই কোভিড পরিস্থিতিতে যে সব প্রান্তিক এলাকায় অনলাইন পড়াশোনার পরিকাঠামো নেই, যেখানে প্রান্তিক মানুষগুলো পৌঁছাতে পারছে না শিক্ষার কাছে, সেখানে শিক্ষা যাতে এই মানুষগুলোর কাছে পৌঁছাতে পারে সেই উদ্দেশ্যেই জয় হিন্দ পাঠশালা কাজ করছে পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে, ডায়মন্ড হারবারে, ঝড়খালিতে। প্রত্যেক জায়গাতেই পড়াশোনা জানা স্থানীয় স্নাতক যুবদের সাম্মানিকের বিনিময়ে উৎসাহিত করা হচ্ছে তাদের এলাকার বাচ্চাদের পড়াতে। এইভাবেই স্থানীয় যুবকদের ক্ষমতায়নেরও চেষ্টা হচ্ছে।

ফিরে এসো নেতাজী

সুকন্যা মাঝি

পেরিয়ে গেল অনেক বছর
ফিরলে না যে তুমি,
তোমায় ছাড়া দেশটা মোদের
আজও মরুভূমি।

রাজনীতির ওই নোংরা খেলায়
মেতেছে ভারতবাসী,
ওরা নিয়েছে কেড়ে অন্যায় সুখ
হাসতে ওদের হাসি।

তুমিই ছিলে ভারতবর্ষের
সত্যিকারের নেতা।
বাকিরা তো সব নেতার নামে
দেশের বিক্রেতা।

তোমার এতো ত্যাগ
যে দেশের জন্যই,
সে দেশেরই মানুষ আজ
স্বার্থ ছাড়া বোঝেনা যে কিছুই।

দোহাই তোমার, একটি বার
ফিরে আসো এই দেশে।
দেখে যাও, তোমার দেশের
কি অবস্থা করেছে ওরা পরিশেষে!

অন্যায়ের সাথে আপোষ না করতে
তুমি শিখিয়েছিলে ভারতবাসীকে;
আজ যেন সেই ভারতবাসীই

শিখে গেছে অন্যায়কে মেনে নিতে!

অত্যাচারের ভারে আজও
তোমার ভারত দুখণ্ড,
যেদিকে তাকাই দেখি শুধু
রাজত্ব করে ভণ্ড।

দেশমাতা যে আজও কাঁদে
নিয়ে কত ব্যাথা,
তুমি কি আসবে ফিরে
ওগো বীর নেতা।

সূর্যের নাম তেজ তোমার,
অদম্য তোমার শক্তি।
তুমিই পারো এবারও জাগাতে
ভারতবাসীর দেশভক্তি।

ফিরে এসো একটি বার
ওগো বীর সুভাষ।
"আমি সুভাষ বলছি" কণ্ঠে
দাও যে তার আভাস।

OUR IMMORTAL HERO

Koyena Chatterjee

Through the looking glass
Retrospecting the very glow of the Era
The Hero of the Era
Still breathing alive….
Within the hearts of his fellow brothers.

His struggle for freedom
The very prospect of his dreams
Of an Independent India
Had reflected upon us….
The Hope.

To resist the last British,
To stop the surge of bloodshed,
Dragging our slavery under the lords
To the pedestal of the gallows….
To eliminate.

Bleeding from the pelting curses of
The Country.
Echoing through the ears of
Those white blooded tyrants.
Waiting….
Until their reign is beheaded.

He may have left his materialistic being
But within our hearts and minds;
He always remains.
He is immortal and will be….
The Immortal Netaji always.

অবিনশ্বর নেতাজী

PATRALEKHA KARMAKAR

১৯৯০ শালে, সেইবার শীতের ছুটিতে কলকাতা ভ্রমণের পরিকল্পনা করা হলো। আমার তখন ৫ বছর বয়স ছিল। সেই বছরে বাবা মায়ের সাথে আমরা কলকাতায় এসেছিলাম। চাকরির বদলির জন্য সেই এক বছর বয়স থেকে দিল্লিতে থাকতাম। তবে সেইবার আমার জেদের বশে বাবাকে কলকাতায় আসতেই হলো। বেশ মন দিয়ে আমার নিজের শহরটাকে অনুসন্ধান করতে ইচ্ছা করছিলো।

ডিসেম্বর মাস আর তার সাথে মেতে উঠেছে কলকাতা শহর, শীতের আমেজে। দুই মাস ধরে শহরের প্রায় সব জায়গায় ঘোরা হয়েছে। ইন্ডিয়ান মিউজিয়াম, বিড়লা তারামন্ডল, সেন্ট পল'স ক্যাথিড্রাল, ভিক্টোরিয়া মেমোরিয়াল, ধর্মতলা ও ইত্যাদি, এমন অনেক জায়গাতে গিয়ে ভরে গেছিলো আমার মনটা। কিন্তু শ্যামবাজারের পাঁচ মাথার মোড়ে, যেই মহান ভাস্কর্যটি স্থাপিত রয়েছে, সেটিকে দেখে ঠিক প্রথমেই চিনতে পারলাম না। যেই যেই স্থানে গিয়েছিলাম, সেখানের ইতিহাস একটু জেনেই অন্বেষণ করছিলাম।

বেশ কৌতুহলী হয়ে পড়লাম। অনেকের থেকে জানলাম, সেই মহান ব্যক্তির নাম নেতাজী সুভাষচন্দ্র বসু। নানা মুনির নানা মত। কেউ কেউ পক্ষের দলে আবার কেউ কেউ বিপক্ষের দলে। ঠিক বুঝে উঠতে পারছিলাম না যে আসলে মানুষটা কে ও কেমন। দেখতে দেখতে সপ্তম শ্রেণীতে চলে গেলাম। কিন্তু দিল্লিতে বসে বসে মন লাগছিল না আমার। বাবার কাছে আবার একটি জেদ ও আবদার নিয়ে গিয়েছিলাম যে পরের বছর থেকে যদি আমি কলকাতায় পড়াশোনা করতে পারতাম। বাবা বুঝতে পেরেছিল আমার আগ্রহের ভাবনা। তাই আমি আমার ইচ্ছাটা রাখতে পেরেছিলাম। সেই বছর থেকে শুরু হয়ে গেলো নেতাজী সুভাষচন্দ্র বসু কে নিয়ে আমার তত্ত্বানুসন্ধান।

আজ আমার ৩৮ বছর বয়েস হতে চললো। কিন্তু থামেনি আমার গবেষণা। জীবনে অনেক বিখ্যাত মানুষদের সমন্ধে জেনেছি, তবে নেতাজী সুভাষচন্দ্র বসুর মতো এরম মানুষ আমি এই জীবনে আর দেখতে পারবনা। তিনি দেশের ভগবান। ভারতের স্বাধীনতার পূজারী, এই চিরস্মরণীয় কিংবদন্তি মহৎ নেতা। ওনার নেতৃত্ব ছড়িয়ে পড়েছে সমস্ত ভারতীয়র মনে। তিনি হারিয়ে গেলেও, সবার মনের মধ্যে বিরাজ করে যাবেন চিরকাল। ১২৫ তম জন্মবার্ষিকীর উদ্দেশ্যে, আমার শত শত প্রণাম ও শ্রদ্ধা জানাই, স্বদেশপ্রেমী ও অবিনাশী নেতাজী সুভাষচন্দ্র বসু কে।

नाम नहीं गुमनाम था वो , पर नाम ही है बस याद हमें
क्या याद है वो कुर्बानी है या आजाद हिन्द का नाम हमें ?
जिस हिटलर के नाम से केवल , सारा दुनिया डरता था
उस हिटलर के आंखों में आंखें डाल कर, वो बातें अपनी करता था
हिन्दू मुस्लिम का भेद मिटा कर , एकता को जिसने शस्त्र बनाया
ये वो सुभाष है जिसने भारतीयों को, भारत के लिए लड़ना सिखाया

आजादी को भीख नहीं , सबका अधिकार जिसने बनाया
अन्याय को सहना नहीं , प्रतिकार करना जिसने सिखाया
गुलाम भारत था मगर , आजाद खुद का सरकार बनाया
जिसके जय हिन्द के नारों ने , लाल किले को भी दहलाया
जिसके केवल नाम ने ही ,अंग्रेजी हुकुमत को हिलाया दिया
जो सूर्य नहीं डूबा था कभी , उस सूर्य का अस्तित्व भी मिटा दिया

क्या यही सपनों का भारत , हमने उनको उपहार दिया
गला घोट कर उनके सपनों का पुतलों को उनके प्यार दिया
क्या यही आजादी थी जिसके खातिर , कांटों का संसार चुना
क्या यही आजादी है जिसमें बस चमड़ी की रंगत बदला
पहले अत्याचारी गोरी चमड़ी , अब वही चमड़ी काली है
चलो बदलें भारत को यही सच्ची श्रद्धांजलि है

~ Vikram Bansal

RAMAKRISHNA-VIVEKANANDA AND NETAJI BOSE: THE BLEND OF SPIRIT AND VIGOUR

SAYANI BANERJEE BHATTACHARJEE

"If Swamiji had been alive, then I would have been at his feet"......"How shall I express in words my indebtedness to Sri Ramakrishna and Swami Vivekananda? It is under their sacred influence that my life got first awakened. Like Nivedita I also regard Ramakrishna and Vivekananda as two aspects of one indivisible personality. If Swamiji had been alive today, he would have been my guru, that is to say, I would have accepted him as my Master."-

Netaji Subhas Chandra Bose

Two supreme personalities, born some 34 years apart, on the sacred land of Mother India- the land of revolutionaries; their destinies ironically intertwined, as if by Divine Intervention. Being educated in British Academia, both of them were conferred with silken convocation gowns of western philosophy. However, despite hailing from families, where they were endowed with all- spiritual and material, both, in their quest for realizing the Spirit of Bharata, relinquished the gross. While the Master was a soldier in the robes of a sanyasi, his worthy Disciple was a sanyasi in the attire of a soldier- the perfect amalgamation of Spirit and Vigour, Swami Vivekananda and Netaji Subhas Chandra Bose effulged as the most poignant embodiment of the 'Idea' called Bharata.

"The longest night seems to be passing away, the sorest trouble seems to be coming to an end at last, the seeming corpse appears to be awaking and a voice is coming to us — away back where history and even tradition fails to peep into the gloom of the past, coming down from there, reflected as it were from peak to peak of the infinite Himalaya of knowledge, and of love, and of work, India, this motherland of ours — a voice is coming unto us, gentle, firm, and yet

unmistakable in its utterances, and is gaining volume as days pass by, and behold, the sleeper is awakening! Like a breeze from the Himalayas, it is bringing life into the almost dead bones and muscles, the lethargy is passing away, and only the blind cannot see, or the perverted will not see, that she is awakening, this motherland of ours, from her deep long sleep. None can desist her anymore; never is she going to sleep anymore; no outward powers can hold her back any more; for the infinite giant is rising to her feet."

